MAR. 0 5 2000

তারিখ ...

পৃষ্ঠা ... ২ ... কলাম ৫ ...

দৈনিক ইত্তেফাক

# দাখিল পরীক্ষার ১ম দিনে ছয় শতাধিক বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ঃ গতকাল (শনিবার) মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাভুক্ত দাখিল পরীক্ষার প্রথম দিনে শেষ খবর পাওয়া পর্যন্ত সারা দেশে প্রায় ৬ শতাধিক পরীক্ষার্থীকে বহিষ্কারের তথ্য পাওয়া গিয়াছে। গতকাল ছিল কোরআন

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## দাখিল পরীক্ষার

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষা।

গতকাল ময়মনসিংহ জেলার বিভিন্ন কেন্দ্র হইতে ১৩৮ জন, রাজবাড়ী জেলা হইতে ৫৫ জন, পাবনা হইতে ২ জন, পটুয়াখালী হইতে ৪ জন, সিরাজগঞ্জ হইতে ৭ জন, শেরপুর হইতে ৩৯ জন, ঢাকা হইতে ১ জন, নারায়ণগঞ্জ হইতে ২ জন, লক্ষ্মীপুর হইতে ৩০ জন, জামালপুর হইতে ৫০ জন, ফরিদপুর হইতে ২৪ জন, নেত্রকোনা হইতে ১৪ জন, ভোলা হইতে ৪০ জন, রংপুর হইতে ৪০ জন, সাতক্ষীরা হইতে ৯ জন, ঝিনাইদা হইতে ৯ জন, বরগুনা হইতে ২৫ জন, নরসিংদী হইতে ৪৪ জন, গাজীপুর হইতে ১৩ জন, নওগাঁ হইতে ২০ জন, চুয়াডাঙ্গা হইতে ৬ জন, কুমিল্লা হইতে ৪২ জন, গাজীপুর হইতে ১৩ জন ও হবিগঞ্জ হইতে ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

আমাদের সংবাদদাতারা জানান ঃ নওগাঁয় দাখিল পরীক্ষার প্রথমদিনে শনিবার সাপাহার থানার আই হাই মাদ্রাসার ৬৭ জন ও আলাদিপুর মাদ্রাসার ৩ জন পরীক্ষার্থী প্রবেশপত্র না পাওয়ায় পরীক্ষা দিতে পারে নাই। থানা নির্বাহী অফিসারের আশ্বাসের প্রেক্ষিতে তাহারা অবস্থান ধর্মঘট প্রত্যাহার করে। এদিকে দাখিল পরীক্ষার প্রথমদিনে জেলার ৫টি কেন্দ্র হইতে ১৬ জন, চুয়াডাঙ্গায় আলীয়া মাদ্রাসা কেন্দ্র হইতে ৬ জন, রামগঞ্জে রাব্বানিয়া আলীয়া মাদ্রাসা কেন্দ্র হইতে ১৫ জন, বরগুনায় আমতলী আলীয়া মাদ্রাসা কেন্দ্রে নকলে সহযোগিতার অভিযোগে ৪ জন কক্ষ পরিদর্শক এবং জেলার ৫টি কেন্দ্র হইতে ২৫ জন, নোয়াখালীতে ৪৯ জন, ঝালকাঠির রাজাপুরে ১৫ জন, জয়পুরহাটে ৩৩ জন, নীলফামালীতে ২৩ জন এবং জামালপুরে ৪৬ জনকে বহিষ্কার করা হয়।